

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ)
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

Tel: 9144252-3, Fax: 9144250, E-mail: info@cptu.gov.bd; Website: www.cptu.gov.bd

নং-২১.০০.০০০০.৩৬৪.২২.০৬৯.১৮-১২৮

তারিখঃ ০৫/০৯/২০১৮ খ্রিঃ

**বিষয়ঃ ২০১৮-২০১৯ অর্থ বছরে ইউরিয়া সারের চাহিদা মেটানোর জন্য ৬.০০ (ছয়) লক্ষ মেট্রিক টন ইউরিয়া সার জরুরী
ভিত্তিতে টেন্ডারের মাধ্যমে আমদানি বিষয়ে মতামত প্রদান।**

সূত্রঃ ৩৬.০০.০০০০.০৬২.০৭.০২৬.১৫ (২য় খন্ড)-৪৮৪; তারিখঃ ২০/০৮/২০১৮ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রাধীন স্মারকের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, পিপিআর, ২০০৮ এর বিধি-৬১(৫) এ নিম্নরূপ বর্ণিত আছেঃ

"রাষ্ট্রীয় জরুরী প্রয়োজনে ক্রয়ের ক্ষেত্রে সরকার, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সুপারিশক্রমে, ক্রয় প্রক্রিয়ার সময় হ্রাস করিতে পারিবে"

উপরোক্ত নির্দেশনার আলোকে ক্রয়কারী দরপত্র (পুনঃদরপত্রসহ) দাখিলের সময়সীমা শিথিলের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে পারে।


০২। বিবেচ্য পত্রের জবাবে আরো জানানো যাচ্ছে যে, আন্তর্জাতিক উৎস হতে অধিক পরিমাণে বিভাজ্য পণ্য ক্রয়ের ক্ষেত্রে আন্তর্জাতিক কোটেশন জ্ঞাপন পদ্ধতি প্রয়োগের ক্ষেত্রে বিধি-৮৫(৩)(ক) অনুসরণ করে সম্ভাব্য সরবরাহকারীদের তালিকা প্রণয়ন এর শর্ত রয়েছে। একই সংশ্লে বিধি-৮৫(৩)(খ) অনুসারে জাহাজীকরণের সময় বা উহার পূর্বে অর্থাৎ নিকটকালীন সময়ে বিদ্যমান বাজার দরের ভিত্তিতে সম্ভাব্য সরবরাহকারীদের নিকট হতে দর আহ্বানের শর্ত রয়েছে। এ ক্ষেত্রে বিধি-৮৫(৩)(ক) অনুসারে সম্ভাব্য সরবরাহকারীদের তালিকা প্রণয়ন এবং বিধি-৮৫(৩)(খ) অনুসারে বাজার দর নির্ধারণের বিষয়টি ক্রয় প্রক্রিয়া সহজতর করার উদ্দেশ্যে ক্রয়কারীর জন্য একটি সহায়ক নির্দেশনা স্বরূপ, যেটি অনুসরণ করা জটিল বা সময় সাপেক্ষ নয়। ফলে উপবিধি দুটির শিথিলতার বিষয়টি যৌক্তিক বলে প্রতীয়মান হয় না।

০৩। আরো উল্লেখ্য যে, পিপিআর, ২০০৮ এর বিধি-৮৫ অনুসারে আন্তর্জাতিক বাজার হতে কোটেশনের মাধ্যমে বিভাজ্য পণ্য সামগ্রী ক্রয়ের ক্ষেত্রে দরপত্র আহ্বানের সময়সীমা অনধিক ১০ দিন [বিধি-৭১(৪)]। ফলে যৌক্তিক বিবেচিত হলে বিধি-৭১(৪) এর সংস্থানের আলোকে দর দাখিলের জন্য উল্লিখিত সময় (১০ দিন) অপেক্ষা স্বল্পতর সময় নির্ধারণে কোন বাধা নেই।

০৪। বিবেচ্য পত্রে প্রদত্ত তথ্যের ভিত্তিতে এ মতামত প্রদান করা হ'ল।

সচিব
শিল্প মন্ত্রণালয়
৯১ মতিঝিল বা/এ, ঢাকা।

(দৃঃ আঃ-উপসচিব, বিসিআইসি অধিশাখা)


(মোসাম্মা মৌসুমী হাবিব)
উপপরিচালক
ফোনঃ ৯১৪৪২৫২-৩/২০৩

অনুলিপি (কার্যার্থে/জ্ঞাতার্থে): জ্যেষ্ঠতার ভিত্তিতে নহেঃ

১. চেয়ারম্যান, বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ করপোরেশন, বিসিআইসি ভবন, ৩০-৩১, দিলকুশা বা/এ, ঢাকা।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৩. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৪. অফিস কপি।